



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩১.২০.২৩৭

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭

২১ জুলাই ২০২০

বিষয়: গাজীপুর জেলার সদর উপজেলাধীন টঞ্জী পাইলট স্কুল এন্ড গার্লস কলেজের সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের বিষয়ে জ্যেষ্ঠতা লঙ্ঘন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন টঞ্জী পাইলট স্কুল এন্ড গার্লস কলেজের কর্মরত জনাব মো: হানিফ উদ্দিন, প্রভাষক, ইসলামের ইতিহাস সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের ক্ষেত্রে জ্যেষ্ঠতা লঙ্ঘন করা হয়েছে মর্মে অভিযোগ দাখিল করেন। সে প্রেক্ষিতে সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য জনাব আশেকুল হক, সহকারী পরিচালক, এইচআরএম, মাউশি অধিদপ্তর কে তদন্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত: ১। (ক) জনাব মো: আমজাদ হোসেন, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান, অপেক্ষা জ্যেষ্ঠ শিক্ষক কলেজে কর্মরত রয়েছে বিধায় জনাব মো: আমজাদ হোসেন এর সহকারী অধ্যাপকের পদের প্রাপ্যতা অবৈধ। জনাব মো: আমজাদ হোসেন কর্তৃক সহকারী অধ্যাপকের স্কেলে আহরিত সমুদয় অর্থ সরকারি কোষাগারে ফেরত দেয়ার আদেশ দেয়া যেতে পারে।

(খ) বর্ণিত জনাব মো: আমজাদ হোসেন ০১/০৬/১৯৯১ তারিখে স্কুল শাখায় যোগদান করে ১৯৯৪ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত এমপিও ভোগ করেন। আবার ০১/১১/১৯৯২খ্রি. তারিখে প্রভাষক পদে যোগদান করে ০১/০১/২০০১খ্রি. তারিখ প্রভাষক হিসেবে এমপিওভুক্ত হন। তিনি কোন পদেই পদত্যাগ না করে নিয়োগ প্রক্রিয়া যথাযথ অনুসরণ না স্কুল শাখা হতে কলেজ শাখায় অতঃপর কলেজ শাখা হতে স্কুল শাখায় এবং পুনরায় স্কুল শাখা হতে কলেজ শাখায় সুবিধামত পদ স্থানান্তর করেছেন। যা চাকুরী বিধির সম্পূর্ণ পরিপন্থী।

২। জনাব রণজিৎ কুমার সাহা, প্রভাষক, গণিত, ইনডেক্স- ৬১৬৬৪১ ৩০/০৩/১৯৯৫খ্রি. তারিখে স্কুল শাখায় সহকারী শিক্ষক পদে যোগদান করে ১৯৯৪ সাল হতে ২০০০ সাল পর্যন্ত এমপিও ভোগ করেছেন। আবার ০১/১০/১৯৯৩খ্রি. তারিখে কলেজে প্রভাষক পদে যোগদান করে জুন/২০০০ মাসে এমপিওভুক্ত হন। তিনি কোন পদেই পদত্যাগ না করে স্কুল শাখা হতে কলেজ শাখায় সুবিধামত পদ স্থানান্তর করেছেন। যা চাকুরী বিধির সম্পূর্ণ পরিপন্থী।


৩। মো: গোলাম মওলা, প্রভাষক, ইংরেজী, ইনডেক্স-২৭৩২৪, টঞ্জী পাইলট স্কুল এন্ড গার্লস কলেজে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি গ্রহণ করতে ইচ্ছুক নন। কাজেই জ্যেষ্ঠতা তালিকা হতে তার নাম বাদ দেয়া যেতে পারে।

৪। মোহাম্মদ হানিফ উদ্দিন, প্রভাষক, ইসলামের ইতিহাস, ইনডেক্স- ৬১৬৬৪৮ বিগত ২১/০৫/২০০০খ্রি. তারিখে কলেজে প্রভাষক পদে যোগদান করে জুন/২০০০ মাসে প্রভাষক পদে এমপিওভুক্ত হন। তিনি স্কুল শাখা হতে কলেজ শাখায় কিংবা কলেজ শাখা হতে স্কুল শাখায় কখনও পদ পরিবর্তন বা এমপিও গ্রহণ করেননি।

| ক্র. নং | নাম, পদবী ও ইনডেক্স | কলেজ শাখায় এমপিওভুক্ত | জন্মতারিখ | মন্তব্য |
|---------|---------------------|------------------------|-----------|---------|
| | | | | |

| | | | | |
|---|--|------------|------------|--|
| ক | জনাব রণজিৎ কুমার সাহা, প্রভাষক, গণিত, ইনডেক্স- ৬১৬৬৪১ | জুন/২০০০ | ১৬/০৯/১৯৬৬ | সহকারী শিক্ষক হতে প্রভাষক, প্রভাষক হতে সহকারী শিক্ষক এবং সহকারী শিক্ষক হতে প্রভাষক কোন পদেই সমন্বয় যথাযথ বিধিসম্মত নয়। |
| খ | মোহাম্মদ হানিফ উদ্দিন, প্রভাষক, ইসলামের ইতিহাস, ইনডেক্স- ৬১৬৬৪৮ | জুন/২০০০ | ২১/০২/১৯৭৩ | |
| গ | জনাব মো: আমজাদ হোসেন, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান ইনডেক্স- ৬১৮৯৭৫ | জানু:/২০০১ | ০৫/০১/১৯৬৮ | সহকারী শিক্ষক হতে প্রভাষক, প্রভাষক হতে সহকারী শিক্ষক এবং সহকারী শিক্ষক হতে প্রভাষক কোন পদেই সমন্বয় যথাযথ বিধিসম্মত নয়। |

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তা কর্তৃক ২২/০১/২০২০ তারিখে জমাকৃত প্রতিবেদনে উল্লিখিত অনিয়ম, বিধি লঙ্ঘন এবং ব্যত্যয় এর বিষয়ে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২১-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক


অধ্যক্ষ, টঙ্গী পাইলট স্কুল এন্ড গার্লস কলেজ, সদর, গাজীপুর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩১.২০.২৩৭/১

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭
২১ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি, টঙ্গী পাইলট স্কুল এন্ড গার্লস কলেজ, সদর, গাজীপুর



২১-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক